# গোপনীয়তা ও নিরাপত্তা

আমরা প্রায়শই অনলাইনে ব্যক্তিগত তথ্য শেয়ার করি, যেমন নাম, অবস্থান এবং পাসওয়ার্ড, কিন্তু আমরা সতর্ক না হলে অন্যরা এটি পেয়ে যেতে পারে। অনলাইন গোপনীয়তা মানে আমাদের তথ্য কে দেখছে তা নিয়ন্ত্রণ করা, নিরাপত্তার ক্ষেত্রে হ্যাকার এবং অপব্যবহার থেকে সুরক্ষিত রাখা। আপনার সামনের দরজায় তালা দেওয়ার মতো, অনলাইন গোপনীয়তা এবং নিরাপত্তা ব্যবস্থাগুলি আপনার ডিজিটাল জীবনকে সুরক্ষিত করতে সহায়তা করে।

**সৃষ্টির দৈনন্দিন অভ্যাস নীচে শেয়ার করা হলো, তার নিরাপদ নিশ্চিত করুন। কোনটি নিরাপত্তা ব্যবস্থা এবং কোনটি গোপনীয়তা ব্যবস্থাপনা? উভয়ই কোনটি?**

জনসম্মুখে কোন ব্যক্তিগত কথোপকথন না করা।

তার অনুভূতির ডায়েরি দূরে সরিয়ে রাখা।

একটি অ্যান্টিভাইরাস সফ্টওয়্যার ব্যবহার করা।

অপরিচিত WiFi নেটওয়ার্ক ব্যবহার না করা।



ব্যাঙ্কের পিন গোপন রাখা।

শুধুমাত্র বন্ধুদের ব্যক্তিগত আপডেটের জন্য একটি পৃথক অ্যাকাউন্ট করা।

**আপনি একটি নতুন ইমেল আইডি খুলছেন। নীচের নির্দেশনা ব্যবহার করে আপনি কি একটি শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করতে পারেন?**

- <u>বিভিন্ন ধরণের অক্ষর ব্যবহার করুন:</u> বড় হাতের এবং ছোট হাতের অক্ষর, সংখ্যা এবং বিশেষ চিহ্নগুলি অন্তর্ভুক্ত করুন (যেমন, @, #, $, !)। এর ফলে হ্যাকারদের জন্য অনুমান করা কঠিন হয়।
- <u>এটি বড় করুন:</u> কমপক্ষে ৪-12 অক্ষর। পাসওয়ার্ড যত দীর্ঘ হবে, তত বেশি নিরাপদ।
- <u>সাধারণ শব্দ এবং বাক্যাংশ এড়িয়ে চলুন:</u> সহজে অনুমান করা যায় এমন শব্দ যেমন "পাসওয়ার্ড", "123456" বা আপনার নাম ব্যবহার করবেন না। আপনার জন্ম তারিখ বা পোষা প্রাণীর নামের মতো সুস্পষ্ট ব্যক্তিগত তথ্য ব্যবহার করা এড়িয়ে চলুন।
- <u>বিভিন্ন অ্যাকাউন্টের জন্য ভিন্ন ভিন্ন পাসওয়ার্ড ব্যবহার করুন:</u> একাধিক সাইটে একই পাসওয়ার্ড বার বার ব্যবহার করবেন না। যদি একটি অ্যাকাউন্ট হ্যাক হয়ে যায়, অন্যগুলিও ঝুঁকিতে পড়বে।

পাসওয়ার্ড লিখুন।



1.UNESCO. (2022). Minding the data: Protecting learners' privacy and security. unesdoc.unesco.org.

# টু ফ্যাক্টর অথেন্টিকেশন



আপনার অ্যাকাউন্টের নিরাপত্তায় টু-ফ্যাক্টর অথেন্টিকেশন হল একটি অতিরিক্ত নিরাপত্তা স্তর। অনেক জনপ্রিয় প্ল্যাটফর্ম এটি ব্যবহারের সুপারিশ করে। এই বৈশিষ্টটি আপনার অ্যাকাউন্টে চালু করলে, লগইন করার জন্য আপনার পাসওয়ার্ড প্রদান করার পরে, অতিরিক্ত যাচাইকরণের প্রয়োজন হয়। সাধারণত, এটি আপনার ব্যক্তিগত মোবাইল নম্বরে পাঠানো একটি কোড, যা এক-কালীন পাসওয়ার্ড (OTP) হিসেবে কাজ করে। এর মানে এটি শুধুমাত্র কয়েক মিনিটের জন্য বৈধ থাকে, এবং শুধুমাত্র একবার ব্যবহার করা যায়। প্রতিবার লগইন করার সময় আপনার একটি নতুন পাসওয়ার্ডের প্রয়োজন হবে।

(I) কেন আপনি টু-ফ্যাক্টর অথেন্টিকেশন চালু করবেন? সঠিক উত্তরটি বাছাই করুন।

ক)এটি প্রতি সপ্তাহে স্বয়ংক্রিয়ভাবে আপনার পাসওয়ার্ড আপডেট করে।

খ) এখানে আপনার পাসওয়ার্ড এবং যাচাইকরণের জন্য এক-কালীন পাসওয়ার্ড এর উভয় দেওয়ার বাধ্যবাধকতা থাকায় নিরাপত্তার একটি অতিরিক্ত স্তর যুক্ত হয়।

গ) এটি আপনাকে পুনরায় লগইন করা থেকে রক্ষা করে।

(II) টু -ফ্যাক্টর অথেন্টিকেশনে যাচাইকরণে সাধারন পদ্ধতিগুলি কি কি? (প্রযোজ্য সবগুলি নির্বাচিত করুন)

ক) টেক্সট বা অ্যাপের মাধ্যমে আপনার ফোনে কোড যাবে

খ) আঙুলের ছাপ স্ক্যান করা

গ) আপনার বাড়ির ঠিকানা

ঘ) ইমেলে পাসওয়ার্ড পাঠানো হবে



# প্লাটফর্মে গোপনীয়তা

আপনি এখন জানবেন কিভাবে আপনার অ্যাকাউন্টে নিরাপত্তা বাড়াতে হয়। আসুন আপনার গোপনীয়তা বজায় রাখার জন্য বিভিন্ন বিকল্প সম্পর্কে জেনে নিই।



### আপনার অ্যাকাউন্ট কে দেখতে পাবে তা নিয়ন্ত্রণ করতে চান?

অ্যাকাউন্ট সেটিংস > গোপনীয়তায় যান, যেখানে আপনি যে প্ল্যাটফর্ম ব্যবহার করেন তার উপর নির্ভর করে আপনার অ্যাকাউন্টকে ব্যক্তিগত করা বা আপনার প্রোফাইল লক করার বিকল্পগুলি খুঁজে পাবেন!

### শুধুমাত্র নির্দিষ্ট কিছু মানুষ আপনার প্রোফাইল তথ্য দেখতে পাবে আপনিকি এটি চান?

আপনার প্রোফাইলের নির্দিষ্ট অংশগুলি কে দেখতে পাবে তা বেছে নিতে সেটিংস > গোপনীয়তা/অডিয়েন্স সেটিংসে যান - উদাহরণস্বরূপ, আপনার প্রোফাইল ছবি এবং নিজের সম্পর্কে।

### আপনার পোস্ট এবং স্টরি কে দেখতে পারে তা নিয়ন্ত্রণ করতে চান?

আপনার স্টরি, পোস্ট এবং লাইভস্ট্রিম কে দেখতে পাবে তা বেছে নিতে সেটিংস > গোপনীয়তা/ম্যানেজ অডিয়েন্স সেটিংস /লুকান-এ যান।



### আপনাকে ট্যাগ করা নিয়ন্ত্রণ করতে চান?

কে আপনাকে তাদের পোস্টে ট্যাগ করতে পারবে তা নির্ধারণ করতে সেটিংস > প্রোফাইল এবং ট্যাগিং/ট্যাগ এবং মেনশন বিকল্পগুলি দেখুন।

### কে আপনাকে কল, ম্যাসেজ বা আপনার সাথে যোগাযোগ করতে পারবে তা নিয়ন্ত্রণ করতে চান?

প্রত্যেক ধরণের যোগাযোগের জন্য আপনার পছন্দগুলি সেট করতে সেটিংসে ম্যাসেজ, কল বা স্টোরিতে রিপলাই করে কে আপনার সাথে যোগাযোগ করতে পারে তার গোপনীয়তা নিয়ন্ত্রণ খুঁজুন।

# প্লাটফর্মে গোপনীয়তা

amazon future engineer



আপনার গোপনীয়তা বাড়াতে সেটিংসে কি পরিবর্তন করবেন? এই অ্যাডভান্স বিকল্পগুলি ব্যবহার করুন!

কমেন্টে শব্দ ফিলটার করুন: এর মাধ্যমে আপনি নেতিবাচক বা বিদ্বেষপূর্ণ মন্তব্য থেকে দূরে থাকতে পারবেন।

আপনার স্টোরি কেউ ম্যাসেজে শেয়ার করতে পারবে কিনা তা নির্ধারণ করুন: এর মাধ্যমে আপনার কন্টেন্ট শেয়ারিং বিষয়ে আপনি সক্রিয়ভাবে নিয়ম সেট করতে পারবেন।

মিথস্ক্রিয়া সীমিত বা বন্ধ করুন: এর মাধ্যমে আপনাকে বিরক্তকারী কিছু মানুষ থেকে মন্তব্য, ম্যাসেজ, ট্যাগ এবং রিপলাই করা থেকে সাময়িকভাবে সীমাবদ্ধ করতে পারবেন।

আপনি কখন অনলাইনে আছেন তা কে দেখতে পাবে তা সীমাবদ্ধ করুন: এর মাধ্যমে আপনি প্ল্যাটফর্মে আপনার পছন্দের কারও সাথে সময় কাটাতে পারবেন কিন্তু অন্যরা বুঝতে পারবে না।

প্রাপ্ত ম্যাসেজ দেখুন: এটি চালু বা বন্ধ করে আপনি অন্যদের ম্যাসেজ পড়তে পারেন তারা বুঝতে পারবে বা পারবে না।

আপনাকে খুঁজে পাওয়া ও যুক্ত হওয়া: এর মাধ্যমে আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন কে আপনাকে সামাজিক মাধ্যমে খুঁজে পাবে এবং যুক্ত হতে পারবে।




মনে রাখবেন, শুধুমাত্র আপনি আপনার ডিজিটাল সীমা নির্ধারণ করতে পারেন! কোন গোপনীয় সেটটিংসগুলি আপনাকে অনলাইনে নিরাপদ এবং মুক্ত বোধ করতে সাহায্য করবে?

**পরামর্শ!**

গোপনীয়তা সেটিংস ক্রমাগত বিকশিত হচ্ছে, কারণ বিভিন্ন প্ল্যাটফর্ম ব্যবহারকারীদের অনলাইনে তাদের অভিজ্ঞতা নিয়ন্ত্রণ করতে এবং তাদের সুরক্ষা নিশ্চিত করার জন্য নতুন উপায় বের করার চেষ্টা করছে। আপনার প্রয়োজনে আরও টুলস সম্পর্কে জানতে, প্রতি কয়েক মাসে আপনার সমস্ত অ্যাকাউন্টে গোপনীয়তা সেটিংস খুঁজে দেখুন!

# গেমিংয়ে গোপনীয়তা

এখন যেহেতু আপনি সামাজিক মাধ্যমে গোপনীয়তা সেটিংসের সাথে পরিচিত, আসুন গেমিংয়ের গোপনীয়তা সেটিংস দেখি! গোপনীয়তা ফিচারকে এর উদ্দেশ্যের সাথে মিলিয়ে নিন!







| | |
|---|---|
| (i) প্লেয়ারকে ব্লক করা | ক) শুধুমাত্র আপনার বন্ধুদের তালিকায় থাকা ব্যক্তিদেরকে আপনাকে গেমে আমন্ত্রণ জানাতে বা আপনাকে ম্যাসেজ পাঠানোর অনুমতি থাকে। |
| (ii) প্লেয়ারকে মিউট করা | খ) গেমে একজন নির্দিষ্ট প্লেয়ারকে আপনার সাথে যোগাযোগ বা আপনার প্রোফাইল দেখা থেকে প্রতিরোধ করে। |
| (iii) প্রোফাইল প্রাইভেট করা | গ) আপনার সাথে একজন প্লেয়ারকে ভয়েসে বা ম্যাসেজে কথা বলা থেকে বিরত রাখে। |
| (iv) প্লেয়ারকে রিপোর্ট করা | ঘ) কোনো প্লেয়ারের অনুপযুক্ত বা ক্ষতিকারক আচরণ সম্পর্কে গেম মডারেটরদের সতর্ক করে। |
| (v) শুধুমাত্র বন্ধুদের-আমন্ত্রণ | ঙ) কে আপনার ব্যক্তিগত তথ্য, অর্জন এবং কার্যক্রম দেখতে পারবে তা সীমাবদ্ধ করে। |

# উত্তর কী

## গোপনীয়তা ও নিরাপত্তা

জনসম্মুখে ব্যক্তিগত আলাপ নয়। (গোপনীয়তা ব্যবস্থাপনা) অ্যান্টি ভাইরাস সফ্টওয়্যার ব্যবহার করা। (নিরাপত্তা ব্যবস্থা) অনুভুতি ডাইরি দূরে রাখা। (গোপনীয়তা ব্যবস্থাপনা) অপরিচিত WiFi নেটওয়ার্ক ব্যবহার না করা। (নিরাপত্তা ব্যবস্থা) ব্যাঙ্ক অ্যাকাউন্টের পিন ঢেকে রাখা।(উভয়) ব্যক্তিগত আপডেটের জন্য শুধুমাত্র বন্ধুদের নিয়ে আলাদা অ্যাকাউন্ট। (উভয়)



## টু ফ্যাক্টর অথেন্টিকেশন

(I) - খ) এখানে আপনার পাসওয়ার্ড এবং যাচাইকরণের জন্য এক-কালীন পাসওয়ার্ড এর উভয় দেওয়ার বাধ্যবাধকতা থাকায় নিরাপত্তার একটি অতিরিক্ত স্তর যুক্ত হয়।

(II) - ক) আপনার মোবাইল ফোনে টেক্সট বা অ্যাপের মাধ্যমে একটি কোড পাঠানো হবে। খ) আঙ্গুলের ছাপ স্ক্যান করা। ঘ) ইমেলে আপনার পাসওয়ার্ড পাঠানো হবে।



## গেমিংয়ে গোপনীয়তা

(i) - B)
(ii) - C)
(iii) - E)
(iv) - D)
(v) - A)

